দৈনিক সংবাদ

196 27

তারিখ ... 23 OCT 1990
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪ ...

৪

# বিশ্ববিদ্যালয় বাদে ঢাকার সব শিক্ষা প্রতিষ্ঠান শিগগিরই খোলার সম্ভাবনা

॥ আমীর খসরু ॥

সরকার শিগগিরই ঢাকা বিশ্ববিদ্যালয় বাদে নগরীর সকল শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেয়ার সিদ্ধান্ত নিয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যাপারে এখনও কোন সিদ্ধান্ত নেয়া হয়নি।

চলমান গণআন্দোলনের তীব্রতার এক পর্যায়ে গত ১৩ই অক্টোবর গভীর রাতে সরকার ঢাকা বিশ্ববিদ্যালয়সহ

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## শিক্ষাপ্রতিষ্ঠান খোলার সম্ভাবনা

( ১ম পাতার পর )

রাজধানীর সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ করার ঘোষণা দেয়। বন্ধ করার বিষয়টি বৈধ করার জন্য সরকার গত ১৩ই অক্টোবর থেকে কার্যকর করে একটি অধ্যাদেশ জারি করেছে। অধ্যাদেশ অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শান্তি-শৃংখলা রক্ষার জন্য সরকার সর্বোচ্চ দু'মাস বন্ধ করার ক্ষমতা রেখেছে।

ঢাকা বিশ্ববিদ্যালয় বন্ধ করার বৈধতা নিয়ে ইতিমধ্যে আইনগত নোটিশ জারি করা হয়েছে। আগামী ২৪শে অক্টোবর রিট আবেদন পেশ করা হবে এ ব্যাপারে।

সরকারী সূত্রগুলো বলছে, নগরীর সব শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ করে রাখার প্রয়োজন এখন আর নেই।

ঢাকা নগরীর শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ করে দেয়ায় বছরের শেষে ছাত্র-ছাত্রী, শিক্ষক, অভিভাবক সকলেই এক বিড়ম্বনায় পড়েছেন। অনেক শিক্ষা প্রতিষ্ঠানে ২য় পর্ব পরীক্ষা শেষ হয়েছে, ফলাফল ঘোষিত হয়নি। আবার কোথাও পরীক্ষার মাঝপথেই বন্ধ ঘোষণার আদেশ গেছে। শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে সাধারণত নভেম্বরেই ফাইনাল পরীক্ষা হয়ে যায়। কিন্তু বন্ধ ঘোষণার ফলে গতকাল সোমবার পর্যন্ত ৯ দিন চলে গেল।

নগরীর একটি কিণ্ডার গার্টেনের শিক্ষিকা বললেন ঃ এখনও ২য় পর্বের পরীক্ষার ফলাফল ঘোষিত হয়নি। আর এ বছরে ফাইনাল পরীক্ষা নভেম্বরের বদলে ডিসেম্বরই নিতে হবে।